

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন- অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

অতি জরুরী

নং- ২৯.০০.০০০০.২১৩.২৫.০২১.১৬. ৩২০


তারিখঃ ০৮/১১/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ই-জিপিতে অন্তর্ভুক্তির জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ পরিকল্পনা মন্ত্রণালয়ের ডিও নং-২১.৩৯৩.০১৪.০০.০০.৬৪২.২০১৬-১৯৩৩; তারিখঃ ১৮/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সরকারি ই-জিপিতে অন্তর্ভুক্তির জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে (সংস্থা প্রতি ০৫ জন) কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদানপূর্বক সিপিটিইউ-তে পত্র প্রেরণ করে আবশ্যিকভাবে আগামী ১৫/১১/২০১৬ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনীত কর্মকর্তাদের যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিত করতে হবে।


সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০১(এক) পাতা।


(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৪৩

Email: a.mochta@yahoo.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহা পরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, বাস্তবায়ন পল্লিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
- ৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
- ৫। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে হালনাগাদসহ সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।





পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	
সচিবের দপ্তর	
প্রাপ্তির তারিখ	২৬/১০/১৬
ডায়েরী নম্বর	২১৬০
তারিখ	২৭/১০
সচিব (সিপিটিইউ)	
সচিব	

১৪

মহাপরিচালক

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়

ডিও নং. ২১.৩৯৩.০১৪.০০.০০.৬৪২.২০১৬-১৯৩৩

১৮ অক্টোবর ২০১৬

২৭/১০/১৬

শ্রী মহোদয়,

আপনি নিশ্চই অবগত আছেন যে, ১৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের মন্ত্রিসভা বৈঠকের ১২৪ নং সিদ্ধান্তে দেশের সকল মন্ত্রণালয়/বিভাগে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। একইভাবে ০৬/০৮/২০১৫ তারিখে 'ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্স' এর সভায় ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের সকল সরকারি ক্রয় ই-জিপিআর আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। এর পরিপ্রেক্ষিতে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ১৬/১১/২০১৫ তারিখের সভায় সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে ই-জিপিআর আওতায় আনার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। কর্মকর্তা ও দরদাতাদের ই-জিপিআর প্রশিক্ষণও এই পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে।

২। কর্মপরিকল্পনা অনুযায়ী ১৭ অক্টোবর ২০১৬ পর্যন্ত ৫২৫টি মন্ত্রণালয়/সংস্থা ই-জিপিআর অন্তর্ভুক্ত হয়েছে। ই-জিপিআর অন্তর্ভুক্ত মন্ত্রণালয়/সংস্থার ২ জন কর্মকর্তাকে ১দিনের ই-জিপিআর সংস্থা এডমিন ও ৫ জন কর্মকর্তাকে ই-জিপিআর ব্যবহারকারী হিসেবে ৩ দিনের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণের ব্যাপক আয়োজন গ্রহণ করা সত্ত্বেও ই-জিপিআর নিবন্ধিত অধিকাংশ ক্রয়কারী সংস্থা এখনও তিন দিনের প্রশিক্ষণের জন্য ব্যবহারকারী কর্মকর্তাদের মনোনয়ন প্রেরণ করেননি। ফলে প্রত্যাশিত প্রশিক্ষণ লক্ষমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না।

৩। সকল ক্রয়কারী সংস্থা যথাসময়ে প্রশিক্ষণ গ্রহণ না করলে ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের সকল ক্রয় ই-জিপিআর অন্তর্ভুক্তির পদক্ষেপ বাস্তবায়ন করা কঠিন হবে।

৪। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগ এবং তাঁর অধীন যে সকল ক্রয়কারী সংস্থার কর্মকর্তা ই-জিপিআর ব্যবহারকারী হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদের (সংস্থা প্রতি ৫ জন কর্মকর্তাকে) উক্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন সিপিটিইউ-তে প্রেরণসহ কর্মকর্তাদের যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করার নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শ্রদ্ধান্ত,

প্রশাসন অনু বিভাগ	
প্রাপ্তির তারিখ	৩০/১০/১৬
প্রেরণের তারিখ	১
ডায়েরী নং	১১৬০
যুগ্ম-সচিব প্রশাসন/পরিষদ	
এক্সিকিউটিভ পরিষদ-২	
ব্যক্তিগত কর্মকর্তা	

আন্তরিকভাবে আপনার

(মোঃ ফারুক হোসেন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা,
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/১০/১৬
১১/১০/১৬

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর	
প্রশাসন-১ শাখা	প্রশাসন-২/বাজেট শাখা
আইন শাখা	হিসাব শাখা
পিও	
ডায়েরী নং	২০৮ তারিখ